

**AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin**

Date 19-11-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

১) সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জগনেশ ভারতী বলেছেন, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের ক্ষেত্রে কোনও ভুল ধরা পড়লে বুথ লেভেল আধিকারিক থেকে মুখ্য নির্বাচনী আধিকারিকস্তর পর্যন্ত সকলেই দায়ী থাকবেন।

SIR কাজের অগ্রগতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ নদীয়া এবং মুর্শিদাবাদে জেলা নির্বাচনী আধিকারিক ও অন্যান্যদের সঙ্গে বৈঠক করবেন।

২) রাজ্যপাল ডষ্টের সিভি আনন্দ বোস, শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত প্রাথমিক শিক্ষা পর্ষদের তৎকালীন সভাপতি মানিক ভট্টাচার্য এবং তৎকালীন সচিব রত্না চক্ৰবৰ্তী বাগচির বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরুর অনুমতি দিয়েছেন।

৩) রাজ্যে প্রাথমিক স্কুলগুলিতে শিক্ষক নিয়োগের আবেদন প্রক্রিয়া আজ শুরু হচ্ছে।

স্কুল সার্ভিস কমিশন আগামী ২৬ নভেম্বর একাদশ-দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের ইন্টারভিউ প্রক্রিয়া শুরু করবে।

৪) যাত্রী সুবিধার্থে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন নতুন AC লোকাল পরিষেবা সহ একাধিক পদক্ষেপ গ্রহণ করছে।

৫) আবহাওয়া দণ্ডের পূর্বাভাষ মতই রাজ্যের সব জেলাতেই সর্বনিম্ন তাপমাত্রা সামান্য বেড়েছে।

৬) রঞ্জি ট্রফি ক্রিকেটের চতুর্থ দিনে আজ বাংলার বিরুদ্ধে অসম তিন উইকেটে ৯৮ রান হাতে নিয়ে তাঁদের অসমান্ত দ্বিতীয় ইনিংসের খেলা শুরু করবে।

০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন কর্মসূচী এস আই আর-এর অগ্রগতি খতিয়ে দেখতে রাজ্য সফররত নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ নদীয়ার কৃষ্ণনগরে কালেক্টরেট মিটিং হলে বৈঠক করবেন। বিকেলে মুর্শিদাবাদের বহরমপুরে জেলা নির্বাচনী আধিকারিক এবং অন্যান্য কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের কর্মসূচী রয়েছে তাদের। গতকাল সিনিয়ার ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে কমিশনের প্রতিনিধি দলের সদস্যরা মুখ্য নির্বাচনী আধিকারীক মনোজ কুমার আগরওয়াল, কলকাতা উত্তর ও দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিক এবং ই আর ও-দের সঙ্গে বৈঠক করেন। সেখানে স্পষ্টভাবে জানানো হয়, মৃত, স্থানান্তরিত বা ভুয়ো ভোটারের নাম কোনও অবস্থাতেই ভোটার তালিকায় থাকা চলবে না।

এ ধরনের কোনও ভুল ধরা পড়লে তার জন্য বুথ লেভেল আধিকারিক থেকে মুখ্য নির্বাচনী আধিকারিক স্তর পর্যন্ত সকলেই দায়ী থাকবেন বলে সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী জানান।

তিনি আরও বলেন, যেখানে বিএলএ ফর্ম পূরণ করে বিএলওর হাতে তুলে দিচ্ছেন, সেখানে ১৯৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ৩১ নম্বর ধারায় বিএলও-দের লিখিত দিতে হবে যে, ফর্মে কোনও ভুল বা মিথ্যে তথ্য থাকলে তার সম্পূর্ণ দায় তাঁদেরই। এরপরে আলিপুরে দক্ষিণ ২৪ পরগনার জেলাশাসকের দফতরের কনফারেন্স রুমে আরেক দফা বৈঠকে বসেন ডেপুটি ইলেকশন কমিশনার সহ কমিশনের কর্তারা।

প্রতিনিধি দলটি আগামীকাল মালদায় এস আই আর-এর কাজ কর্ম খতিয়ে দেখতে জেলা নির্বাচনী আধিকারিক ও অন্যান্যদের সঙ্গে বৈঠক করবেন।

এদিকে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল গতকাল সাংবাদিকদের জানান, এস আই আর প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বি এল ও-রা প্রশংসনীয় কাজ করছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী-এসআইআর কর্মসূচির মধ্যেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর স্থানান্তর নিয়ে তৎপরতা শুরু হয়েছে। রাজ্য সফরে এসে সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী গতকাল স্ট্রাইক রোডে শিপিং কর্পোরেশনের দফতর পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও অন্যান্য কর্তারা। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর ওই ভবনে সরিয়ে নিয়ে যাওয়ার প্রস্তাব কমিশনের বিচারাধীন। কমিশন সূত্রে জানা গেছে প্রাথমিকভাবে ওই ভবন দেখে সন্তোষ প্রকাশ করেছেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার।

উল্লেখ্য স্থানসঞ্চালন, পরিকাঠামো ঘাটতি, নিরাপত্তার অভাব সহ বিভিন্ন কারণে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর ‘বামার লরি ভবন’ থেকে সরিয়ে নিয়ে যাওয়ার জন্য মুখ্য সচিবকে গত জুলাই মাসে চিঠি পাঠান মুখ্য নির্বাচনী আধিকারিক। এরপরে আরও বেশ কয়েকবার রাজ্য সরকারের কাছে এই মর্মে আবেদন জানানো হয়েছে। বিকল্প হিসাবে শিপিং কর্পোরেশন সহ আরো বেশ কয়েকটি জায়গাকে প্রস্তাব করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, রাজ্য যারা সবচেয়ে বেশি এস আই আর-এর বিরোধিতা করেছে, সেই তৃণমূল কংগ্রেসই সর্বাধিক এস আই আর ক্যাম্প করছে।

(বাইট - শমিক)

কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে একাধিক ইস্যুতে তৃণমূল কংগ্রেস সরকারের সমালোচনা করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস, কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা-সিবিআইকে শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত প্রাথমিক শিক্ষা পর্ষদের তৎকালীন সভাপতি মানিক ভট্টাচার্য এবং তৎকালীন সচিব রত্না চক্ৰবৰ্তী বাগচিৰ বিৱৰণে মামলার চার্জ গঠন ও বিচার প্রক্ৰিয়া শুরুৰ অনুমতি দিয়েছেন। সিবিআইয়ের আবেদন ও চূড়ান্ত তদন্ত রিপোর্টের ভিত্তিতে ১৯৮৮-র দুর্নীতি দমন আইন অনুযায়ী অভিযুক্তদের বিৱৰণে মামলা চালানোৰ অনুমোদন দেওয়া হয়েছে বলে রাজভবন সূত্রে খবর।

প্রাথমিক শিক্ষক নিয়োগে অনিয়ম ও আর্থিক দুর্নীতিৰ অভিযোগে দীর্ঘদিন ধৰেই তদন্ত চলছিল। সেই তদন্তে বেশ কয়েকটি গুরুতৰ অসংগতি ও প্ৰমাণ পাওয়াৰ পৰই সিবিআই, অভিযুক্ত দু'জনেৰ বিৱৰণে মামলা চালানোৰ প্ৰয়োজনীয় অনুমতি চায়। রাজ্যপাল সেই অনুৱোধ মণ্ডুৱ কৰায় এখন অভিযুক্তদেৱ বিৱৰণে আইনি প্রক্ৰিয়া এগিয়ে নিয়ে যেতে পাৰবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ৱাজে প্রাথমিক স্কুলগুলিতে শিক্ষক নিয়োগেৰ আবেদন প্রক্ৰিয়া আজ শুৱ হচ্ছে। ১৩ হাজাৰ ৪২১ টি শূন্য পদেৰ জন্য আজ থেকেই অনলাইনে আবেদন কৰা যাবে। শিক্ষামন্ত্ৰী ব্ৰাত্য বসু জানিয়েছেন, TET উত্তীৰ্ণ যোগ্য প্ৰাৰ্থীৰা সরকাৰ অনুমোদিত ও সরকাৰ পোষিত প্রাথমিক বিদ্যালয় এবং জুনিয়ৱ বেসিক স্কুলে সহকাৰী শিক্ষক পদে আবেদন জানাতে পাৰবেন। এছাড়া রাজ্য সরকাৰ এসএসসি সহ সব মিলিয়ে প্ৰায় পঞ্চাশ হাজাৰ শূন্য পদে শিক্ষক নিয়োগ কৰতে চলেছে বলে শিক্ষামন্ত্ৰী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশন আগামী ২৬ নভেম্বৰ একাদশ-দ্বাদশ শ্ৰেণিৰ শিক্ষক নিয়োগেৰ ইন্টাৱিউ প্রক্ৰিয়া শুৱ কৰবে। আঞ্চলিকভাৱে ইন্টাৱিউ হবে। তাৰ বিস্তাৱিত তথ্য দ্রুত জানাবে হবে। এসএসসি জানিয়েছে, একাদশ দ্বাদশেৰ শিক্ষক নিয়োগ প্রক্ৰিয়ায় প্ৰথম ইন্টাৱিউ হবে বাংলা ও ইংৰেজি বিষয়ে।

উল্লেখ্য, গতকাল থেকেই নথি যাচাইয়ের প্রক্রিয়া শুরু হয়েছে। প্রথম দিন বাংলার পর আজ, ইংরেজি বিষয়ে চাকরিপ্রার্থীদের নথি যাচাই হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের বি঱ক্কে কলকাতার হেয়ার স্ট্রিট থানায় অভিযোগ দায়ের করেছে রাজভবন। সম্প্রতি তৃণমূল সাংসদ দাবি করেছিলেন, রাজভবনে বন্দুক বোমা মজুত করা হচ্ছে। রাজভবনের তরফে গতকাল জানানো হয়েছে, ওই মন্তব্যের জন্য কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের বি঱ক্কে ভারতীয় ন্যায় সংহিতার ১৫১, ১৫২, ১৯৭, ১৯৬(১)-a এবং b, ৩৫৩ (২) ধারায় অভিযোগ দায়ের করা হয়েছে। তৃণমূল সাংসদ যে অপরাধ করেছেন তা জামিন অযোগ্য বলে রাজভবন জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত ঘাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে।
আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

০০০০০০০০০০০০০০০০০০০০

যাত্রী সুবিধার্থে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন নতুন AC লোকাল পরিষেবা সহ একাধিক পদক্ষেপ গ্রহণ করছে। শিয়ালদার ডিআরএম রাজীব সাক্ষেনা গতকাল জানান, সোম থেকে শনি, শিয়ালদা - কল্যাণীর মধ্যে একটি AC ইএমইউ লোকাল চালানো হবে।

শিয়ালদা থেকে প্রতিদিন দুপুর ৩-টে ১০ মিনিটে ছেড়ে ৪-টে ৩২-মিনিটে কল্যাণী পৌঁছবে। ফিরতি পথে বিকেল পাঁচটা ২ মিনিটে ট্রেনটি কল্যাণী ছেড়ে সন্ধে ৬-টা ২০ মিনিটে শিয়ালদা পৌঁছবে।

যাতায়াতের পথে ট্রেনটি বিধাননগর-দমদম-বেলঘোরিয়া-সোদপুর-খড়দা-ব্যারাকপুর-শ্যামনগর-নৈহাটি ও কাঁচরাপাড়া স্টেশনে দাঁড়াবে।

এছাড়া কৃষ্ণনগর সিটি জংশন পর্যন্ত শিয়ালদা AC ইএমইউ লোকালটি রবিবারও চালানো হবে।

এদিকে, যাত্রী সুবিধার্থে দমদম ক্যান্টনমেন্ট ও বনগাঁ-র মধ্যে একটি নতুন লোকাল ট্রেন চালু করা হচ্ছে। এই ট্রেন পরিষেবা চালু হলে মেট্রো যাত্রীরাও উপকৃত হবেন বলে ডিআরএম আশা প্রকাশ করেন। এছাড়া কয়েকটি ট্রেনের যাত্রা পথও বাড়ানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় বিজ্ঞান সংগ্রহালয় পর্ষদ-এনসিএসএম দেশের বিভিন্ন রাজ্যে জলবায়ু পরিবর্তন বিষয়ক প্রদর্শনী কেন্দ্র বা গ্যালারি চালু করবে। কলকাতায়শ গতকাল এক সাংবাদিক বৈঠকে পর্ষদের ডিরেক্টর জেনারেল এ. ডি. চৌধুরী জানিয়েছেন, বিভিন্ন রাজ্যে নতুন বিজ্ঞান কেন্দ্র তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে। তারই অংশ হিসেবে গ্যালারিগুলি ধাপে ধাপে চালু করা হবে। বর্তমানে দেশজুড়ে ৩৭টি বিজ্ঞান কেন্দ্র গড়ে তোলার কাজ চলছে। দেশে এখনো পর্যন্ত এই ধরনের দুটি গ্যালারি কলকাতার সায়েন্স সিটি এবং উত্তরাখণ্ডে চালু রয়েছে। রাঁচিতে আরেকটি নতুন গ্যালারি গড়ে তোলা হচ্ছে বলে তিনি জানান।

(বাইট-এ ডি চৌধুরী)

উল্লেখ্য, জলবায়ু পরিবর্তনকে বৈজ্ঞানিক তথ্য এবং প্রযুক্তির মাধ্যমে সকলের কাছে তুলে ধরার জন্য জাতীয় বিজ্ঞান সংগ্রহালয় পর্ষদের অধীন কলকাতা সায়েন্স সিটির জলবায়ু পরিবর্তন বিষয়ক আধুনিক গ্যালারি ‘অন দ্য এজ’, মিউজিয়াম এবং বিজ্ঞান এবং প্রযুক্তি সংক্রান্ত আন্তর্জাতিক কমিটির CIMUSET অ্যাওয়ার্ড ২০২৫-এ সেরা হিসেবে নির্বাচিত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

আন্তর্জাতিক সমবয় বর্ষ ২০২৫ উপলক্ষে নাবার্ড গতকাল কলকাতায় রাজ্যস্তরের সমবায় সম্মেলনের আয়োজন করে। সংস্থার পশ্চিমবঙ্গ শাখার চিফ জেনারেল ম্যানেজার পি কে ভরদ্বাজ বলেন, আর্থিক এবং প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধিতে সমবায়গুলিকে শক্তিশালী করতে জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাংক বা নাবার্ড প্রতিশ্রূতিবদ্ধ। গ্রামীণ সমৃদ্ধির মূল চালিকাশক্তি হিসেবে তিনি ডিজিটাইজেশন, উন্নয়ন এবং স্বচ্ছতার উপরে বিশেষ জোর দেন। অনুষ্ঠানে পাঁচটি সেরা ডিস্ট্রিট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক ও কয়েকটি শীর্ষস্থানীয় সমবায় গোষ্ঠীকে কম্পিউটারাইজেশন এবং প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের জন্য পুরস্কৃত করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ১০৮তম জন্মবার্ষিকীতে আজ তাঁকে শন্দার সঙ্গে স্মরণ করা হচ্ছে। প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে আয়োজিত অনুষ্ঠানে ইন্দিরা গান্ধীর প্রতি শন্দা নিবেদন করা হবে। ইন্দিরা গান্ধী মেমোরিয়াল ফাউন্ডেশন ও কলকাতা পুরসভার যৌথ উদ্যোগে বিড়লা তারা মণ্ডলের বিপরীতে একুশে উদ্যানে এই উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

আবহাওয়া দণ্ডের পূর্বাভাস মতই রাজ্যের সব জেলাতেই সর্বনিম্ন তাপমাত্রা সামান্য বেড়েছে। এর ফলে বেলা বাড়ার সঙ্গে সঙ্গে শীতের আমেজ উধাও হচ্ছে। আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৮ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে এক দশমিক এক ডিগ্রি কম। বেড়েছে সর্বোচ্চ তাপমাত্রাও। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে সামান্যই কম।

রাজ্যের বাকি জেলাতেও চিত্র কিছুটা একই। উত্তরবঙ্গের দার্জিলিংয়ে শুক্র ও শনিবার নাগাদ হালকা বৃষ্টি হতে পারে।

এদিকে চলতি সপ্তাহের শেষের দিকে দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দণ্ডের জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কল্যাণীতে চারদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের চতুর্থ দিনে আজ বাংলার বিরুদ্ধে অসম তিন উইকেটে ৯৮ রান হাতে নিয়ে তাঁদের অসমাপ্ত দ্বিতীয় ইনিংসের খেলা শুরু করবে। অসম এখন বাংলার চেয়ে ১৪৪ রানে পিছিয়ে আছে। এরআগে বাংলার প্রথম ইনিংস ৪৪২ রানে শেষ হয়। শাহাবাজ আহমেদ ১০১ এবং সুমন্ত গুপ্ত ৯৭ রান করেছেন। অসম প্রথম ইনিংসে করেছিল ২০০ রান।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০